

💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ৩৫২

৯. সফরে নামায কসর পড়া (كتاب قصر الصلاة في السفر)

পরিচ্ছেদঃ ১০. মুসল্লিদের সম্মুখ দিয়া কাহারও চলার ব্যাপারে কড়া নিষেধাজ্ঞা

بَابِ التَّشْدِيدِ فِي أَنْ يَمُرَّ أَحَدُ بَيْنَ يَدَيْ الْمُصلِّي

আরবী

وَحَدَّتَنِي عَنْ مَالِك، عَنْ أَبِي النَّضْرِ، مَوْلَى عُمَرَ بْنِ عُبَيْدِ اللَّهِ عَنْ بُسْرِ بْنِ سَعِيدٍ، أَنَّ زَيْدَ بْنَ خَالِدِ الْجُهَنِيَّ، أَرْسَلَهُ إِلَى أَبِي جُهَيْمٍ يَسْأَلُهُ مَاذَا سَمِعَ مِنْ، رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي الْمَارِّ بَيْنَ يَدَى الْمُصلِّي فَقَالَ أَبُو جُهَيْمٍ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لَوْ يَعْلَمُ الْمَارُّ بَيْنَ يَدَى الْمُصلِّي مَاذَا عَلَيْهِ لَكَانَ أَنْ يَقِفَ أَرْبَعِينَ خَيْرًا لَهُ مِنْ أَنْ يَمُرَّ بَيْنَ يَدَى الْمُصلِّي مَاذَا عَلَيْهِ لَكَانَ أَنْ يَقِفَ أَرْبَعِينَ خَيْرًا لَهُ مِنْ أَنْ يَمُرَّ بَيْنَ يَدَى النَّصْرِ لاَ أَدْرِي أَقَالَ أَرْبَعِينَ يَوْمًا أَوْ شَهْرًا أَوْ سَنَةً

বাংলা

রেওয়ায়ত ৩৪. বুসর ইবন সাঈদ (রহঃ) হইতে বর্ণিত, যায়দ ইবন খালিদ জুহনী (রাঃ) তাহাকে আবু জুহায়ম (রাঃ)-এর নিকট ইহা জিজ্ঞাসা করার উদ্দেশ্যে পাঠাইলেন যে, তিনি মুসল্লির সামনে দিয়া চলাচলকারী সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হইতে কি শুনিয়াছেন। আবু জুহায়ম (রাঃ) বলিলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলিয়াছেনঃ যদি মুসল্লি ব্যক্তির সম্মুখ দিয়া চলাচলকারী জানিত যে, ইহার জন্য তাহার কি পরিণাম হইবে, তবে সে নিশ্চিত মনে করিত যে, মুসল্লি ব্যক্তির সামনে দিয়া চলাচল করা অপেক্ষা তাহার পক্ষে সঠিকভাবে চল্লিশ দিন পর্যন্ত অপেক্ষা করা অধিক শ্রেয়। আবু নাযর বলেনঃ আমি বলিতে পারিতেছি না, তিনি চল্লিশ দিন, না চল্লিশ বাৎসর বলিয়াছিলেন।

English

Yahya related to me from Malik from Abu'n Nadr, the mawla of Umar ibn Ubaydullah from Busr ibn Said that Zayd ibn Khalid al-Juhani sent him to Abu Juhaym to ask him what he had heard from the Messenger of Allah, may Allah bless him and grant him peace, about passing in front of someone praying. Abu Juhaym said, "The Messenger of Allah, may Allah bless him and grant him peace, said, 'If the one who passes in front of a man praying knew what he was bringing upon himself it would be better for him to stop for



forty than to pass in front of him.' "

Abu'n-Nadr said, "I do not know whether he said forty days or months or years."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বুসর ইবনু সা'ঈদ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন